**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং- ১৯৯-আইন/২০২৬/৫৪/কাস্টমস।**- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১১ ও ১২ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার-

(১) বিধি ২ এর দফা (জজ) বিলুপ্ত হইবে;

(২) বিধি ৪ এর দফা (ছ) এর প্রান্তস্থিত “;” চিহ্নের পরিবর্তে “।” চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং দফা (জ) বিলুপ্ত হইবে;

(৩) বিধি ৬ এর উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৩) নূতন ওয়্যারহাউস লাইসেন্স প্রদানের ক্ষেত্রে সহযোগী সকল প্রতিষ্ঠানের নিরীক্ষা হালনাগাদ থাকিতে হইবে এবং তাহাদের বিরুদ্ধে কাঁচামালের অবৈধ অপসারণ বা জালিয়াতি সংশ্লিষ্ট নিরঙ্কুশ বকেয়ার উদ্ভব হইলে লাইসেন্স প্রদানযোগ্য হইবে না:

তবে শর্ত থাকে যে, উক্ত নিরঙ্কুশ বকেয়ার অর্থ সুদসহ প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধ করা হইলে অথবা কোনো পর্যায়ে মামলার রায় প্রতিষ্ঠানের পক্ষে প্রদত্ত হইলে লাইসেন্স প্রদানযোগ্য হইবে:

আরও শর্ত থাকে যে, কোনো বিশেষ একজন Bonafide পরিচালক, অপর একজন খেলাপি পরিচালকের কারণে ব্যবসা করিতে ব্যর্থ হইলে বিষয়টি সুষ্ঠুভাবে তদন্ত করিয়া সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো

কমিশনার অব কাস্টমস সুপারিশ করিলে জাতীয় রাজস্ব বোর্ড তাহা পর্যালোচনা করিয়া প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করিবে।";

(৪) বিধি ৭ এর-

(ক) উপ-বিধি (৩) বিলুপ্ত হইবে;

(খ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(৪) সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে উপ-বিধি (২) অনুযায়ী নির্ধারিত ওয়্যারহাউসের ধারণক্ষমতাই উহার এককালীন বন্ডিং ক্যাপাসিটি হিসেবে গণ্য হইবে।";

(৫) বিধি ১১ এর উপ-বিধি (৩) এর প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর "তবে, সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিরীক্ষা সম্পন্নের মেয়াদ এতদসংক্রান্ত বিধিমালা অনুযায়ী ব্যবস্থিত হইবে।" শব্দগুল ও চিহ্নগুলি সংযোজিত হইবে;

(৬) বিধি ১২ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) একই মালিকানাধীন একই প্রতিষ্ঠানের আওতায় একাধিক স্থানে অথবা ভিন্ন কমিশনারেটের অধিক্ষেত্রে মূল প্রতিষ্ঠান হইতে সর্বোচ্চ ৬০ (ষাট) কিলোমিটার Radius দূরত্বের মধ্যে প্রতিষ্ঠিত বিভিন্ন স্তরে উৎপাদন ইউনিটের কার্যক্রমকে মূল ওয়্যারহাউস লাইসেন্সেপ্রাপ্ত প্রতিষ্ঠানের অংশ হিসেবে বিবেচনা করিবার অর্থাৎ বিদ্যমান লাইসেন্সি হিসেবে প্রাপ্ত সুবিধার নিরবচ্ছিন্ন বা বর্ধিতাংশ হিসাবে বিবেচনার ক্ষেত্রে Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), Bangladesh Knitwear Manufacturers and Exporters Association (BKMEA), Bangladesh Terry Towel & Linen Manufacturers and Exporters Association (BTTLMEA), Bangladesh Textile Mills Association (BTMA), Leathergoods and Footwear Manufacturers and Exporters Association of Bangladesh (LFMEAB), Bangladesh Tanners Association (BTA), Bangladesh Association of Pharmaceutical

Industries (BAPI) এবং Bangladesh Shipbuilders Association ভুক্ত নীট, ওভেন, ডাইং ও প্রিন্টিং, টাওয়েল, লিনেন, হোম টেক্সটাইল, লেদার ও ফুটওয়্যার, ট্যানারি, ঔষধ এবং শিপ বিল্ডার্স খাতের প্রতিষ্ঠানকে; এবং জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনক্রমে, বর্ণিত এসোসিয়েশন ও খাত বহির্ভূত কোনো প্রতিষ্ঠানকে মূল প্রতিষ্ঠানের সহিত অব্যাহত বন্ড সুবিধা প্রদান করা যাইবে।";

(৭) বিধি ১৫ এর-

(ক) উপ-বিধি (৩) এ উল্লিখিত "সংশ্লিষ্ট লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্রসহ" শব্দগুলির পরিবর্তে "সংশ্লিষ্ট সকল লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্রসহ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৭) এ উল্লিখিত "বিদ্যমান লিয়েন ব্যাংক" শব্দগুলির পরিবর্তে "বিদ্যমান সকল লিয়েন ব্যাংক" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (৮) এ উল্লিখিত "লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্রসহ" শব্দগুলির পরিবর্তে "সংশ্লিষ্ট সকল লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্রসহ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৮) বিধি ১৭ এর দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে;

"(ঙ) সেন্ট্রাল বন্ডেড ওয়্যারহাউস এর জন্য ৫ (পাঁচ) কোটি টাকার সাধারণ বন্ড।";

(৯) বিধি ১৯ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র" শব্দগুলির পরিবর্তে "সংশ্লিষ্ট সকল লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১০) বিধি ২০ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(২) প্রতিষ্ঠানের নিরীক্ষা হালনাগাদ থাকিলে, কোনো দায়দেনা না থাকিলে এবং নূতন লাইসেন্স প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলি পরিপালিত হইলে, ব্যক্তি মালিকানা (Sole Proprietorship) ও অংশীদারি কারবার (Partnership) প্রতিষ্ঠানের ক্ষেত্রে পূর্বের ও নূতন মালিকগণের সাক্ষাৎকার গ্রহণ

করিয়া লাইসেন্সিং কর্তৃপক্ষ মালিকানা পরিবর্তনের আবেদন মঞ্জুর করিতে পারিবে, তবে লিমিটেড কোম্পানির ক্ষেত্রে যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর এর যথাযথ আইনানুগ প্রক্রিয়ায় মালিকানা পরিবর্তিত হইলে এবং সংশ্লিষ্ট সকল দপ্তর ও সকল লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র থাকিলে দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে পূর্বের ও নূতন পরিচালকগণের সাক্ষাৎকার গ্রহণ ব্যতিরেকে মালিকানা পরিবর্তনের আবেদন মঞ্জুর করিতে পারিবে।";

(১১) তফসিল-১ এর ফরম-১ এর-

(ক) ক্রমিক ৮. এ উল্লিখিত "বোর্ড অব ইনভেস্টমেন্ট/BSCIC Registration নম্বর" শব্দগুলি ও স্ল্যাশ-এর পরিবর্তে "BIDA/BSCIC/DGDA/পোষক দপ্তরের নিবন্ধন নম্বর" শব্দগুলি ও স্ল্যাশগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) ক্রমিক ১৪. এ উল্লিখিত "বিএলএমইএ/" শব্দ ও স্ল্যাশ এর পরে "বিএপিআই/" শব্দ ও স্ল্যাশ সন্নিবেশিত হইবে;

(১২) তফসিল-১ এর ফরম-২ এর-

(ক) ক্রমিক 10. এ উল্লিখিত "BIDA/BSCIC" শব্দগুলি ও স্ল্যাশ-এর পরিবর্তে "BIDA/BSCIC/DGDA/পোষক দপ্তর" শব্দগুলি ও স্ল্যাশগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) ক্রমিক 17. এর অংশ A. এর "CGAG" শব্দের পরে "BAPI" শব্দ সন্নিবেশিত হইবে;

(গ) ক্রমিক 27. এ উল্লিখিত "BIDA/BSCIC" শব্দগুলি ও স্ল্যাশ-এর পরিবর্তে "BIDA/BSCIC/DGDA/পোষক দপ্তর" শব্দগুলি ও স্ল্যাশগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৩) তফসিল-২ এর-

(ক) ক্রমিক ২. এ উল্লিখিত "BIDA/BSCIC/পোষক দপ্তর এর রেজিস্ট্রেশন সনদপত্র" শব্দগুলি ও স্ল্যাশগুলির পরিবর্তে "BIDA/BSCIC/DGDA/পোষক দপ্তর এর রেজিস্ট্রেশন সনদপত্র" শব্দগুলি ও স্ল্যাশগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) ক্রমিক ১৬. এর প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর

"তবে, বিশেষায়িত পণ্যের (যেমন- স্বর্ণ, ওষুধ ইত্যাদি) ওয়্যারহাউসের ক্ষেত্রে বোর্ড কর্তৃক নির্ধারিত বিশেষ ধরনের অবকাঠামো থাকিতে হইবে।" শব্দগুলি, চিহ্নগুলি ও বন্ধনীগুলি সন্নিবেশিত হইবে;

(১৪) তফসিল-৩ এর-

(ক) ক্রমিক ৮ এর বিপরীতে বিবরণে উল্লিখিত "লিয়েন ব্যাংক" শব্দগুলির পরিবর্তে "সংশ্লিষ্ট সকল লিয়েন ব্যাংক" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) ক্রমিক ৯ এর বিপরীতে বিবরণে উল্লিখিত "লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র" শব্দগুলির পরিবর্তে "সংশ্লিষ্ট সকল লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৫) তফসিল-৪ এর-

(ক) ক্রমিক ৭. এ উল্লিখিত "BGMEA/BKMEA সরকার অনুমোদিত সংশ্লিষ্ট সমিতির সদস্যপদের তারিখ" শব্দগুলি ও স্ল্যাশ-এর পরিবর্তে "BGMEA/BKMEA/BAPI/সরকার অনুমোদিত সংশ্লিষ্ট সমিতির সদস্যপদের তারিখ" শব্দগুলি ও স্ল্যাশগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) ক্রমিক ৮. এ উল্লিখিত "BIDA/BSCIC/পোষক দপ্তর এর নিবন্ধন নম্বর" শব্দগুলি ও স্ল্যাশগুলির পরিবর্তে "BIDA/BSCIC/DGDA/পোশাক দপ্তর এর নিবন্ধন নম্বর" শব্দগুলি ও স্ল্যাশগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ তারিখে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।